# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

মক্কার পথে রওয়ানা (خروج إلى مكة)

৮ম হিজরীর ৭ই রামাযান শুক্রবার ১০,০০০ সাথী নিয়ে আল্লাহর রাসূল (ছাঃ) মক্কা অভিমুখে রওয়ানা হন। এই সময় মদীনার প্রশাসক নিযুক্ত করে যান আবু রুহুম কুলছূম আল-গেফারী-কে (হাকেম হা/৬৫১৭)। মুহাজির ও আনছারদের সকলেই অত্র অভিযানে যোগদান করেন। এতদ্ব্যতীত মদীনার আশপাশের নওমুসলিম গোত্রসমূহ যেমন আসলাম, গেফার, মুযায়না, জোহায়না, বনু সোলায়েম, আশজা‘ প্রভৃতি গোত্র সমূহ এই সাথে গমন করে। এদের মধ্যে মুযায়না গোত্রের এক হাযার ও বনু সুলায়েম-এর এক হাযার সৈন্য ছিল’ (সীরাহ ছহীহাহ ২/৪৭৪)। ইবনু আববাস (রাঃ) বলেন, এদিন রাসূল (ছাঃ) ছিয়াম অবস্থায় ছিলেন। সাথীগণের কেউ ছায়েম ছিলেন, কেউ ছিলেন না। অতঃপর মক্কা থেকে ৪২ মাইল দূরে কুরাউল গামীম পৌঁছে তিনি এক পাত্র পানি চাইলেন এবং তা উঁচু করে সবাইকে দেখিয়ে পান করে দিনের বেলায় ছিয়াম ভঙ্গ করলেন’... (মুসলিম হা/১১১৩-১৪)। স্থানটি ছিল আমাজ ও ওসফানের মধ্যবর্তী কুদাইদ নামক স্থানে(كَانَ بِالْكُدَيْدِ، بَيْنَ عُسْفَانَ وَأَمَجٍ)[1] কুদাইদ ছিল মক্কা থেকে ৪২ মাইল দূরে একটি ঝর্ণাধারার নাম(الكديد عين جارية على اثنين وأربعين ميلا من مكة)[2]

ফুটনোট

[1]. ইবনু হিশাম ২/৪০০।

[2]. মুসলিম, শরহ নববী হা/১১১৩-এর ব্যাখ্যা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5584

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন